

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব
[কর নীতি উইং]
সেগুনবাগিচা, ঢাকা
www.nbr.gov.bd

নং-০৮.০১.০০০০.০৩০.০৭.০০৭.২০১৫/৪৮(১)

১৬ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
তারিখ-----
৩০ মে, ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: ভাইগণ কর্তৃক যৌথনামে ক্রয়কৃত সম্পত্তির উপর নির্মিত বাড়ি ফ্লোরভিত্তিক বন্টননামা দলিল রেজিস্ট্রেশনকালে উৎসে
আয়কর পরিশোধের প্রয়োজ্যতা সংক্রান্ত।

সূত্রঃ (১) আবেদনকারীর ১৬/০৫/২০২১ খ্রিঃ তারিখের পত্র

(২) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, উপ-পরিচালক (এস্টেট ও ভূমি-২) এর কার্যালয় এর স্মারক নং-রাজউক/এস্টেট-২ (উত্তরা/১৪১০স্বাঃ,
তারিখ: ০৪/০৩/২০২১ খ্রিঃ)

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

২। সূত্রোক্ত ১নং পত্রের মাধ্যমে ভাইগণ কর্তৃক যৌথনামে ক্রয়কৃত সম্পত্তির উপর নির্মিত বাড়ি ফ্লোরভিত্তিক বন্টননামা দলিল
রেজিস্ট্রেশন কালে উৎসে আয়কর পরিশোধের প্রয়োজ্যতা বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের ব্যাখ্যা চাওয়া হয়েছে। জাতীয় রাজস্ব
বোর্ডের কর নীতি উইং এর ব্যাখ্যা নিম্নরূপ:

"রাজউক এর স্মারক নং-রাজউক/এস্টেট-২ (উত্তরা/১৪১০স্বাঃ, তারিখ: ০৪/০৩/২০২১ খ্রিঃ মোতাবেক বর্ণিত দালান
নিজেদের মধ্যে বন্টনের ক্ষেত্রে কোন মূলধনী লাভের সংশ্লেষ নাই বিধায় আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৩ এইচ ধারায় উৎসে আয়কর
কর্তনের প্রয়োজ্যতা নাই।

স্বা/-

৩০/০৫/২০২১

মোঃ মহিদুল ইসলাম চৌধুরী
দ্বিতীয় সচিব (কর আইন-১)
জাতীয় রাজস্ব বোর্ড।

প্রাপক

জনাব তাহমিদ হাসনাত খান
যুগ্মসচিব
অর্থ বিভাগ, অর্থমন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ প্রয়োজনীয় কার্যার্থে

১। সাব রেজিস্ট্রার, উত্তরা
রেজিস্ট্রেশন ভবন, তেজগাঁও, ঢাকা।